(৫০০৮০)
তারবার্তা
বাংলা ব্যাংক
দুরালাপনীঃ ৭১২৬১০১-২০

**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা।
www.bangladeshbank.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

তারিখঃ ২৮ কার্তিক, ১৪২০ বঙ্গাব্দ
১২ নভেম্বর, ২০১৩ খ্রীস্টাব্দ

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

বিষয়ঃ জ্ঞান ও সৃজনশীল লেখনী প্রকাশ ও বিপননে স্বল্প সুদে ঋণ বিতরণের লক্ষ্যে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম "বাংলাদেশ ব্যাংক ফান্ড" এর নীতিমালায় কতিপয় সংশোধন/ সংযোজন প্রসঙ্গে।

অত্র বিভাগ কর্তৃক ০৪/০৯/২০১১ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং - ০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। উক্ত সার্কুলারের আওতায় স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম "বাংলাদেশ ব্যাংক ফান্ড" এর নীতিমালায় নিম্নবর্ণিত সংযোজন/সংশোধন আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

০২। সৃজনশীল গ্রন্থ প্রকাশ ও বিপননে নিয়োজিত মাইক্রো ও ক্ষুদ্র এন্টারপ্রাইজকে সর্বোচ্চ ১০% (ব্যাংক রেট + ৫%) সুদ হারে প্রদানকৃত ঋণের বিপরীতে উক্ত ফান্ডের আওতায় তহবিল পর্যাপ্ততা সাপেক্ষে ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। দেশের সংস্কৃতি, ঐতিহ্য, ইতিহাস কিংবা কোন জাতি/ধর্ম/বর্ণের প্রতি বিদ্বেষপূর্ণ বা তাদের স্বার্থ ক্ষুন্ন হয় এরূপ লেখা সৃজনশীল বলে গণ্য করা যাবে না ।

০৩। বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি কিংবা আইনানুগ ভাবে সংগঠিত অনুরুপ কোন সমিতির সদস্য এবং ব্যাংক/নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের বিবেচনায় সৃজনশীল প্রকাশক হিসেবে বিবেচিত মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে ব্যাংকার কাস্টমার সম্পর্কের ভিত্তিতে ব্যাংক ও নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহ অর্থায়ন করতে পারবে । স্বীকৃত সমিতির সদস্যগন সমিতির যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নসহ আবেদন করবেন ।

০৪। পূনঃঅর্থায়নের আওতায় প্রকাশিত এই ধরনের গ্রন্থের উর্পযুক্ত স্থানে "বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় অর্থায়িত" কথাটি সৌজন্যমূলকভাবে লিপিবদ্ধ থাকতে হবে ।

"বাংলাদেশ ব্যাংক ফান্ড" এর অন্যান্য প্রচলিত নীতিমালা অপরিবর্তিত থাকবে।

এ সার্কুলার লেটার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মাছুম পাটোয়ারী)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০১৮৬